

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ২৯ অক্টোবর ২০১৭

অদ্য ২৯ অক্টোবর ২০১৭ তারিখ রোজ রবিবার শেরে বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে চীনা অর্থায়নে বাস্তবায়িতব্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের “Installation of Single Point Mooring (SPM) with Double Pipe Line” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে একটি Framework Agreement চীন ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত হয়। প্রকল্পটিতে মোট বৈদেশিক সহায়তার পরিমাণ ৫৫০.৪০ মিলিয়ন মার্কিন ডলার যার মধ্যে নমনীয় ঋণের পরিমাণ ৫৬৯.৬৬৪ মিলিয়ন আরএমবি ইউয়ান (সমপরিমাণ ৮২.৫৬ মিঃ মাঃ ডলার) এবং Preferential Buyer’s Credit (PBC) এর পরিমাণ ৪৬৭.৮৪ মিলিয়ন মার্কিন ডলার। চীন সরকারের পক্ষে চীনের মান্যবর রাষ্ট্রদূত H.E. Mr. Ma Mingqiang এবং বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম প্রকল্পটির Framework Agreement স্বাক্ষর করেন। উক্ত Framework Agreement স্বাক্ষর অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি এবং চীনা দূতাবাসের কর্মকর্তাবৃন্দ, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত Framework Agreement টি-তে উল্লেখ রয়েছে যে, আলোচ্য প্রকল্পে বার্ষিক সুদের হার ২%, ৫ বছর প্রেস পিরিয়ড’সহ ২০ বছর মেয়াদী শর্তে Eximbank of China এই ঋণের অর্থ প্রদান করবে। আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের ক্রমবর্ধমান জ্বালানী চাহিদা ও যোগানের মধ্যে ভারসাম্য রক্ষা করা সম্ভব হবে এবং দেশের জ্বালানী নিরাপত্তা বৃদ্ধি পাবে। Literage অপারেশনের মাধ্যমে অপরিশোধিত ও পরিশোধিত তেল আমদানিতে যে সিস্টেম লস হয় তা কমানো সম্ভব হবে।

এখানে উল্লেখ্য যে, চীন বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন প্রকল্পে অর্থায়ন করেছে। এগুলোর মধ্যে উল্লেখ্যযোগ্য হলো ৩জি নেটওয়ার্ক, পদ্মা (জশলদিয়া) পানি শোধনাগার প্রকল্প, ফোর-টায়ার ন্যাশনাল ডাটা সেন্টার, ৬টি জাহাজ ক্রয়, দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্লান্ট, কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ, শাহজালাল ফার্মিলাইজার, ইনফো-সরকার (ফেজ-৩), ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকরণ প্রকল্প ইত্যাদি। আগামী ৫ বছরে (২০১৬-২০২০) আরও বেশ কিছু প্রকল্প চীন সরকারের অর্থায়নে বাস্তবায়িত হবে।

আরও উল্লেখ্য যে, চীনের মান্যবর রাষ্ট্রপতি’র গত অক্টোবর ২০১৬ সময়ে বাংলাদেশ সফরকালে দু’দেশের মধ্যে স্বাক্ষরিত বিনিয়োগ সংক্রান্ত সমঝোতা স্মারকে যে ২৭টি প্রকল্পের উল্লেখ আছে, তাতে এ প্রকল্পটি অন্তর্ভুক্ত রয়েছে।

২৯/১০/১৭

ড. একেএম মতিউর রহমান
উপ-সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
স্বাধীনতা পথ, ঢাকা